# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫৩

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সাদা রেখা দ্বারা উদ্দেশ্য হলো আকাশের পূর্ব দিগন্তে আড়াআড়িভাবে উদিত উদ্ভাস

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْخَيْطَ الْأَبْيَضَ هُوَ الْفَجْرُ الْمُعْتَرِضُ فِي أُفُقِ السَّمَاءِ

---

আরবী

3453 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ حَدَّثَنَا هُشَيْمٌ أَخْبَرَنَا حُصَيْنٌ عَنِ الشَّعْبِيِّ: أَخْبَرَنِي عَدِيُّ بْنُ حَاتِمٍ: قَالَ: لَمَّا نَزَلَتْ {وَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ} [البقرة: 187] قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: (إنما ذلك بياض النهار وسواد الليل)
الراوي : عَدِيُّ بْنُ حَاتِمٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3453 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2034): ق ، وهو مختصر التالي.

বাংলা

৩৪৫৩. আদী বিন হাতিম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন এই আয়াত নাযিল হয়, وَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ (আর তোমরা পানাহার কর, কালো রেখা থেকে ফজরের শুভ্র রেখা তোমাদের কাছে স্পষ্ট হওয়া পর্যন্ত।-সূরা আল বাকারাহ: ১৮৭ ) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই এটা (সাদা-কালো রেখা দ্বারা উদ্দেশ্য) হলো দিবসের শুভ্রতা ও রাতের আধার।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৯২৫; তিরমিযী: ২৯৭০; মুসনাদ আহমাদ: ৪/৩৭৭; সহীহুল বুখারী: ১৯১৬; তাহাবী: ২/৫৩; সুনান বাইহাকী: ৪/২১৫; দারেমী: ২/৫-৬; সহীহ মুসলিম: ১০৯০; তাবারানী আল কাবীর: ১৭/১৭৮; হুমাইদী: ৯১৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92787

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন